



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
নোয়াখালী জেলা স্কুল

স্থাপিতঃ ১৮৫০খ্রিঃ

মাইজদী কোট, সদর, নোয়াখালী। টেলিফোন: ০২৩৩৪৪৯১৩৫৪

E-mail : noazillaschool@gmail.com

স্মারক নং - নোয়াজিস্কুল/১৩৯/২৪

তারিখ:- ০১/০২/২০২৪খ্রিঃ

নিলাম বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৬.৯৯.০০১.২১.২৪১৬, তারিখ: ১২/১২/২০২৩খ্রি. মোতাবেক নোয়াখালী জেলা স্কুল, নোয়াখালী এর পুরাতন জরাজীর্ণ হোস্টেল ভবন, বিজ্ঞান ভবন, কর্ণফুলি ভবন ও প্রধান শিক্ষকের বাস ভবন সহ চারটি ভবন অপসারণ এর বিবরণী নিম্নে দেয়া হলো:

ক্রমিক নং	কাজের নাম ও বিবরণ	কাজের অবস্থান	বায়নার মূল্য (টাকা)	কার্য সম্পাদন সময়সীমা
০১	কর্ণফুলী ভবন	নোয়াখালী জেলা স্কুল	১৫,০০০/-	১০ (দশ) দিন
০২	বিজ্ঞান ভবন	নোয়াখালী জেলা স্কুল	১০,০০০/-	১০ (দশ) দিন
০৩	প্রধান শিক্ষকের বাস ভবন	নোয়াখালী জেলা স্কুল	২,০০০/-	১০ (দশ) দিন
০৪	ছাত্রাবাস ভবন	নোয়াখালী জেলা স্কুল	৪,০০০/-	১০ (দশ) দিন


শর্তাবলীঃ

- ১। নোয়াখালী জেলা স্কুল, নোয়াখালী এর ক্যাম্পাসে বর্ণিত ভবন গুলো যে অবস্থায় আছে ঠিকাদার/ ফার্মের মালিক তা দেখে লেটার হেড প্যাডে নিলাম দর উল্লেখ পূর্বক সীলগালা করে দাখিল করতে হবে।
- ২। বায়নার টাকা যে কোন তপসীলভুক্ত ব্যাংক থেকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে প্রধান শিক্ষক, নোয়াখালী জেলা স্কুল বরাবর জমা দিতে হবে। কৃতকার্য ঠিকাদার / ফার্ম এর দাখিলকৃত দর নিলাম কমিটি কর্তৃক গৃহীত হওয়ার পর ০৩ (তিন) দিনের মধ্যে অনুমোদিত দর/মূল্য ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে প্রধান শিক্ষক, নোয়াখালী জেলা স্কুল বরাবর জমা দিতে হবে।
- ৩। কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারকে ১০ (দশ) দিনের মধ্যে ভবন গুলোর মালামাল অপসারণ করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।
- ৪। বর্ণিত ভবন গুলো অপসারণের সময় যদি বিদ্যালয়ের কোন স্থাপনা বা কোন জিনিস পত্রের ক্ষতি হয় তবে ঠিকাদার/ ফার্ম তা নিজ খরচে পূরণ করে দিতে বাধ্য থাকবে।
- ৫। সরকারি বিধি মোতাবেক দরপত্রের সঙ্গে দাখিলকৃত দরের উপর ১৫% ভ্যাটসহ সরকারি কর আলাদা ভাবে ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে প্রধান শিক্ষক, নোয়াখালী জেলা স্কুল বরাবর জমা দিতে হবে।
- ৬। দরপত্র জমা দেওয়ার স্থান: প্রধান শিক্ষকের কার্যালয়ে রক্ষিত বাগ্নে, নোয়াখালী জেলা স্কুল।
- ৭। দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ: ১১/০২/২০২৪খ্রি. সময় বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত।
- ৮। দরপত্র খোলার তারিখ: ১১/০২/২০২৪খ্রি. সময় বেলা ১২:৩০ ঘটিকা (দরপত্র দাতাদের যদি কেউ উপস্থিত থাকেন)।
- ৯। কোন কারণ দর্শানো ছাড়া যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।
- ১০। নিলামে কৃতকার্য ঠিকাদার /ফার্ম নিলাম মূল্য সঠিক সময় জমা দিতে ব্যর্থ হলে বায়নার টাকা বাজেয়াপ্ত করা হবে।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ৩। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নোয়াখালী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নোয়াখালী সদর, নোয়াখালী।
- ৬। সংরক্ষণ নথি।


০১.০২.২৪

(মোহাম্মদ মীর হোসেন)

প্রধান শিক্ষক

নোয়াখালী জেলা স্কুল।